# সুনান আত তিরমিজী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ১০৭৩

১০/ কাফন-দাফন (كتاب الجنائز عن رسول الله ﷺ)

পরিচ্ছেদঃ বিপদগ্রস্থ লোককে সান্তনা দেওয়ার ছাওয়াব।

باب مَا جَاءَ فِي أَجْرِ مَنْ عَزَّى مُصَابًا

আরবী

حَدَّثَنَا يُوسُفُ بْنُ عِيسَى، حَدَّثَنَا عَلِيُّ بْنُ عَاصِمٍ، قَالَ حَدَّثَنَا وَاللَّهِ، مُحَمَّدُ بْنُ سُوقَةَ عَنْ إِبْرَاهِيمَ، عَنِ الأَسْوَدِ، عَنْ عَبْدِ اللَّهِ، عَنِ النَّبِيِّ صلى الله عليه وسلم قَالَ " مَنْ عَزَّى مُصَابًا فَلَهُ مِثْلُ أَجْرِهِ " . قَالَ أَبُو عِيسَى هَذَا حَدِيثٌ غَرِيبٌ لاَ نَعْرِفُهُ مَرْفُوعًا إِلاَّ مِنْ حَدِيثِ عَلِيِّ بْنِ عَاصِمٍ . وَرَوَى بَعْضُهُمْ عَنْ مُحَمَّدِ بْنِ سُوقَةَ بِهَذَا الإِسْنَادِ مِثْلَهُ مَوْقُوفًا وَلَمْ يَرْفَعْهُ . وَيُقَالُ أَكْثَرُ مَا ابْتُلِيَ بِهِ عَلِيُّ بْنُ عَاصِمٍ بِهَذَا الْحَدِيثِ نَقَمُوا عَلَيْهِ .

বাংলা

১০৭৩. ইউসূফ ইবনু ঈসা (রহঃ) .... আবদুল্লাহ রাদিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত যে, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন, কেউ যদি কোন বিপদগ্রস্থ লোককে সান্ত্বনা দেয় তবে সে সেই ব্যক্তির অনুরূপ প্রতিদান পাবে। - ইবনু মাজাহ ১৬০২, তিরমিজী হাদিস নম্বরঃ ১০৭৩ [আল মাদানী প্রকাশনী]

ইমাম আবূ ঈসা (রহঃ) বলেন, এই হাদীসটি গারীব। আলী ইবনু আসিম (রহঃ)-এর সূত্র ছাড়া এটি মারফূ হিসেবে বর্ণিত বলে আমরা জানিনা। কেউ কেউ এ সনদে মুহাম্মাদ ইবনু সূকা (রহঃ) থেকে মাওকূফরূপে অনুরূপ বর্ণনা করেছেন। তাঁরা এটিকে মারফূ, হিসাবে রিওয়ায়াত করেননি। বলা হয় এই হাদীছের কারনেই অধিকাংশ ক্ষেত্রে আলী ইবনু আসিম সমালোচনার পরীক্ষায় পড়েছেন; হাদীসবিদগণ তাঁকে দোষী করেছেন।

## English

Abdullah narrated that:
The Prophet said: "Whoever consoles a person with an affliction, then he gets the same reward as him."

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন  বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইব্‌ন মাসউদ (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=18265

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন